# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-07-2026** **Time: 1.40 PM**

---

আকাশবাণীর মাসিক অনুষ্ঠান মন-কি-বাতের ১৩৬ তম পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জল সংরক্ষের উপর জোর দিয়েছেন।

গত চৌঠা জুলাই থেকে দেশজুড়ে বৃষ্টির জল সংরক্ষণে এক বিশেষ অভিযান শুরু হয়েছে। এপ্রসঙ্গে প্রধানমন্ত্রীর বলেন, বৃষ্টির জল সঞ্চয় দেশের জল সংরক্ষণে এবং বৃক্ষ রোপনের এক নতুন মাত্রা সংযোজিত করেছে। মজে যাওয়া পুকুর সংস্কার করে এখন গ্রাম ও শহরের মানুষ নতুন উদ্যোগে কাজ করছে।

(বাইট – পুকুর সংস্কার/প্রধানমন্ত্রী)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন এক পেড় মা-কে নাম অভিযানে দেশজুড়ে বিপুল সাড়া পাওয়া গেছে। আমেদাবাদের ভাডু এলাকায় এক ঘন্টার মধ্যে ২৫ হাজারেরও বেশি মানুষ সাড়ে তিন লক্ষেরও বেশি গাছ রোপন করেছে। এই প্রচেষ্টা গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডসে লিপিবদ্ধ হয়েছে।

(বাইট -এক পেড় মা-কে নাম /প্রধানমন্ত্রী)

আগামী ৭-ই আগস্ট জাতীয় হ্যান্ডলুম দিবস। দেশের বয়নশিল্পীরা এই হস্তশিল্পে তাদের সৃজনশীলতার প্রকাশ ঘটাচ্ছে। ভোকাল ফর লোকালের আদর্শ এই হস্তশিল্পের মাধ্যমে আগামী দিনে আরও বিকশিত হবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কার্গিল যুদ্ধে শহীদ ভারতীয় সৈনিকদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, যে সৈনিকরা ভারত মাতার সুরক্ষার স্বার্থে আত্মবলিদান দিয়েছেন আজ তাঁদের স্মরণ করার দিন। এর সঙ্গেই তিনি বিদেশি শক্তিকে পরাস্ত করার ক্ষেত্রে প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীর ঐতিহাসিক অবদানের কথা স্মরণ করেন।

কার্গিল বিজয় দিবস উপলক্ষ্যে কলকাতার বি টি রোডের কাছে এক অনুষ্ঠানে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য কার্গিল যুদ্ধে শহীদ ক্যাপ্টেন কনাদ ভট্টাচার্য সহ অন্যান্য সৈনিকদের প্রতি পুষ্পার্ঘ নিবেদন করেন। তিনি বলেন, শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর অর্থ শুধুমাত্র ফুল দেওয়া নয় বরং দেশবিরোধী চক্রান্ত, ধর্মান্ধতা এবং মৌলবাদের বিরুদ্ধে আন্দোলনকে আরও শক্তিশালী করতে হবে। তবেই কনাদ ভট্টাচার্য সহ বীর সৈনিকদের প্রতি প্রকৃত শ্রদ্ধা জানানো হবে। একই সঙ্গে, প্রকাশ্যে দেশবিরোধী স্লোগান দিলে বা কার্যকলাপে কেউ যদি যুক্ত থাকে সেই মুহূর্তে তার বিরুদ্ধে বলপ্রয়োগ করার জন্য শ্রী ভট্টাচার্য পুলিশ প্রশাসনের কাছে আবেদন জানিয়েছেন।

-------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বলেছেন, রাজ্যে আইনের শাসনের মাধ্যমে গুন্ডাদের দমন করা হবে। তিনি বলেন, প্রতিবাদ আন্দোলনের নামে যারা সাংবাদিকদের নির্দয়ভাবে পিটিয়েছে, খুনের চেষ্টা করেছে তাদেরে গুন্ডা দমন আইনে সাজা দেওয়ার ব্যবস্থা করা হবে। এদিন তিনি পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের সোনাচূড়াতে 'মন কি বাত' অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে একথা বলেন মুখ্যমন্ত্রী।

বাইট-শুভেন্দু

অন্যদিকে, কলকাতায় নিট আন্দোলনে হিংসা ছড়ানোর ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১৪। আজ ব্যাঙ্কশাল আদালতে পেশ করা হবে ধৃতদের। তবে গ্রেফতারির সংখ্যা আরও বাড়তে পারে বলে জানিয়েছে লালবাজার।

-------------------

মুখ্যমন্ত্রীর ঘোষণা মতো শঙ্করপুর থেকে মাছ ধরতে গিয়ে ট্রলার ডুবিতে নিহত মৎস্যজীবীদের পরিবারগুলিকে আর্থিক সহায়তা আজ তুলে দেওয়া হচ্ছে। আজ পূর্ব মেদিনীপুরের রামনগর এক নম্বর ব্লকে একটি অনুষ্ঠানে জেলা প্রশাসনের তরফ থেকে পরিবারগুলির হাতে ৫ লক্ষ টাকা অর্থ সহায়তা তুলে দেওয়া হবে। পাশাপাশি পরিবারের একজনকে সিভিক ভলান্টিয়ার হিসেবে কাজ দেওয়া হবে বলেও জানা গেছে।

উল্লেখ্য, গত দোশরা জুলাই ১৫ জন মৎস্যজীবীকে নিয়ে গভীর সমুদ্রে মাছ ধরতে যায় জয়মাকালী নামে একটি ট্রলার। প্রাকৃতিক দুর্যোগের মধ্যে বকখালির বাঘের চরের কাছে সেটিকে খুঁজে পাওয়া যায়। ট্রলার থেকে ৯ মৎস্যজীবীর দেহ উদ্ধার হয়। এখনও কয়েকজন নিখোঁজ রয়েছে বলে জানা গেছে।

-------------------

স্বাধীনতা দিবসকে সামনে রেখে পশ্চিমবঙ্গ সরকার আগামী ৯ থেকে ১৭ অগস্ট রাজ্যজুড়ে ‘হর ঘর তিরঙ্গা’ কর্মসূচি পালনের সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রের সংস্কৃতি মন্ত্রকের নির্দেশিকার ভিত্তিতে রাজ্যের তথ্য ও সংস্কৃতি দফতর ইতিমধ্যেই সমস্ত সরকারি দফতর, জেলাশাসক এবং কলকাতা পুরসভার কমিশনার-সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিস্তারিত নির্দেশিকা পাঠিয়েছে।

নির্দেশিকায় বলা হয়েছে, জেলা থেকে ব্লক স্তর পর্যন্ত তিরঙ্গা মিছিল, প্রভাতফেরি, সাইকেল র‍্যালি, দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ, প্রবন্ধ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা হবে। পাশাপাশি সরকারি ভবন ও গুরুত্বপূর্ণ স্থানে তিরঙ্গা-থিমের আলোকসজ্জা এবং রঙোলির আয়োজন করতে হবে। সরকারি দফতর ও শিক্ষা প্রতিষ্ঠানে সমবেতভাবে 'বন্দে মাতরম্' গাওয়া এবং সাধারণ মানুষকে জাতীয় পতাকা উত্তোলনে উৎসাহিত করার নির্দেশও দেওয়া হয়েছে।

-------------------

রাজ্য সরকার বিগত সরকারের আমলে সরকারি ও সরকার পোষিত বিদ্যালয়ে পড়ুয়া ছাত্র-ছাত্রীদের সাইকেল দেওয়ার প্রকল্প সবুজ সাথীর নাম পরিবর্তন করার সিদ্ধান্ত নিয়েছে। এই প্রকল্পের নাম সারথি করা হচ্ছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। পাশাপাশি সাইকেলের লোগো ও রঙ পরিবর্তন করা হবে বলে ঠিক হয়েছে।

-------------------

উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে এমবিবিএস-এর নতুন শিক্ষাবর্ষে ৫০টি আসন বেড়েছে। এতে মোট আসন বেড়ে হল ২৫০। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, ন্যাশনাল মেডিক্যাল কমিশন থেকে ইতিমধ্যেই আসন বৃদ্ধির কথা জানানো হয়েছে। ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ থেকেই তা কার্যকর হবে।

-------------------

ঘূর্ণাবর্তের প্রভাবে তৈরী নিম্নচাপ এলাকা এবং সক্রিয় মৌসুমি অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় আগামীকাল পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আগামী ২৪ ঘন্টায় পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগণা জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। ভারী বৃষ্টি হতে পারে, উত্তর ২৪ পরগণা, কলকাতা, হাওড়া, হুগলী, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায়। মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ কিছুটা কম হবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

------------------ ------------------